



কলকাতা পৌরসংস্থা

জাতীয় আধাডিক অহায়তা প্রকল্প অধুত একনডাবে



জাতীয় সামাজিক সহায়তা প্রকল্পসমূহ — একনজরে

স্বর্ণ-জয়ন্তী শহরী রোজগার যোজনা :

শহরের দারিদ্র্য সীমার নীচে যেসব গরীব পরিবার আছে সেই সব পরিবারের রোজগারের ব্যবস্থা করে তাদের জীবনযাত্রার মান উন্নয়ন।

- ❖ ১০-১৫ টি চিহ্নিত গরীব পরিবার নিয়ে একটি করে পাড়া গোষ্ঠী গঠন করে ৮-১৫টি পাড়া গোষ্ঠী নিয়ে একটি পাড়া সমিতি গঠন হয়।
- ❖ স্বর্ণ-জয়ন্তী শহরী রোজগার যোজনা রূপায়নের মূল দায়িত্বে থাকবে পাড়া সমিতি।
- ❖ স্বর্ণ-জয়ন্তী শহরী রোজগার যোজনার প্রধান দুটি কর্মসূচীর একটি হল শহরী স্বনিযুক্ত কর্মসূচী, বৃত্তিমূলক প্রশিক্ষণ দান এই কর্মসূচীর সঙ্গে নিবিড়ভাবে যুক্ত।
- ❖ দারিদ্র্য সীমার নীচে অবস্থানকারী শহরের জনগণের মান উন্নয়নের জন্য কারিগরী এবং ঔদ্যোগিক দক্ষতা বৃদ্ধির দ্বারা স্বউদ্যোগ বা মজুরী ভিত্তিক কাজে লিপ্ত হওয়ার বা বর্তমান অবস্থাকে সুদৃঢ় করার সম্ভাব্য সুযোগ সৃষ্টি করা।

বর্তমান অবস্থান :

পাড়া সমিতি	: ৮০টি
পাড়া গোষ্ঠী	: ২,০৪৯টি
ক্ষুদ্র জমা ও ঋণদান সংস্থা	: ২,০৪৯টি
টি.সি.এস.-এর অন্তর্ভুক্ত সদস্য	: ২৪,৮৭২জন
টি.সি.এস.-এর নিজস্ব সঞ্চয়	: ১,২৫,৯৫,৯০৬ টাকা
১৫টি বিষয়ে বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান	: ১০,৩৭৮ জন
নতুন প্রশিক্ষণ সংস্থার অন্তর্ভুক্তি	: বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার জন্য ২৬ টি নতুন প্রতিষ্ঠান

ইন্দিরা গান্ধি জাতীয় বার্ধক্য জাত প্রকল্প (আই জি এন ও এ পি এস) :

৬৫ বৎসরের উর্ধ্ব দুঃস্থ ও বি. পি. এল তালিকা ভুক্ত পরিবারের বৃদ্ধ-বৃদ্ধার জন্য এই ভাতা, যাদের নিজস্ব ও পারিবারিক কোনো নিয়মিত আয়ের উৎস নেই। প্রত্যেক উপভোক্তাকে মাসিক ৪০০ টাকা করে পেনসন দেওয়া হয়। আবেদনকারীর ব্যাঙ্ক বা পোস্টঅফিস অ্যাকাউন্ট থাকা আবশ্যিক।



ইন্দিরা গান্ধি জাতীয় বিধবা ভাতা প্রকল্প (আই জি এন ডব্লু পি এস) :



বি. পি. এল. তালিকা ভুক্ত পরিবারের সদস্য যাদের বয়স ৪০ বছর থেকে ৬৪ বছর। সেই সব পরিবারের বিধবা মহিলাদের মাসিক মাথাপিছু ৪০০ (চারশত) টাকা হারে আর্থিক সহায়তা প্রদান। সকল যোগ্য উপভোক্তাদের এই প্রকল্পের অন্তর্ভুক্ত করতে হবে এবং প্রকল্পটির কোনো স্তরেই নির্দিষ্ট কোটা নেই।


- ❖ এই প্রকল্পের ভাতা প্রাপকের বয়স অবশ্যই ৪০ বছর থেকে ৬৪ বছরের মধ্যে হতে হবে।
- ❖ কোনো বিধবা মহিলা পুনরায় বিবাহ করলে অথবা তাঁর ৬৫ বছর বয়স হলে তিনি এই প্রকল্পের সহায়তা পাবেন না।
- ❖ আবেদনকারীর ব্যাঙ্ক বা পোস্টঅফিস অ্যাকাউন্ট থাকা আবশ্যিক।

ইন্দিরা গান্ধি জাতীয় প্রতিবন্ধী ভাতা প্রকল্প (আই জি এন ডি পি এস):

বি. পি. এল. তালিকা ভুক্ত পরিবারের সদস্য যাদের বয়স ১৮ বছর থেকে ৬৪ বছর বয়স্ক গুরুতর প্রতিবন্ধকতা যুক্ত ব্যক্তির (৮০ শতাংশের উপর প্রতিবন্ধকতা) অথবা বহুমাত্রিক/একাধিক প্রতিবন্ধকতা যুক্ত (একাধিক ধরনের প্রতিবন্ধকতা যার প্রতি ধরনের প্রতিবন্ধকতা অন্তত ৪০ শতাংশের বেশি পর্যন্ত অর্থাৎ মোট প্রতিবন্ধকতা ৮০ শতাংশের চেয়ে বেশি) ব্যক্তিদের মাথাপিছু মাসিক ৪০০ (চার শত) টাকা হারে আর্থিক সহায়তা প্রদান। মহিলা এবং পুরুষ উভয়েই এই প্রকল্পের আওতাভুক্ত হতে পারবেন। সকল যোগ্য উপভোক্তাদের এই প্রকল্পের অন্তর্ভুক্ত করতে হবে এবং প্রকল্পটির কোনো স্তরেই নির্দিষ্ট কোটা নেই।



- ❖ এই প্রকল্পের ভাতা প্রাপকের বয়স অবশ্যই ১৮ বছর থেকে ৬৪ বছরের মধ্যে হতে হবে।
- ❖ ৬৫ বছর বয়স্ক ব্যক্তি এই প্রকল্পের সহায়তা পাবেন না।
- ❖ আবেদনকারীর ব্যাঙ্ক বা পোস্টঅফিস অ্যাকাউন্ট থাকা আবশ্যিক।



জাতীয় পরিবার সহায়তা প্রকল্প (এন এফ বি এস) :

বি. পি. এল. তালিকাভুক্ত পরিবারের মূল উপার্জনকারীর (মহিলা বা পুরুষ) মৃত্যুতে, দারিদ্র্যসীমার নীচের বসবাসকারী পরিবারগুলিকে যে সামগ্রিক অনিশ্চয়তার সম্মুখীন হতে হয় তা কাটিয়ে ওঠার জন্য এককালীন ১০,০০০/- টাকা সাহায্য প্রদান করা হয়। এই ক্ষেত্রে মৃত ব্যক্তির বয়স অবশ্যই ১৮-৬৪ বছরের মধ্যে হতে হবে।

- ❖ আবেদনকারীর ব্যাঙ্ক বা পোস্টঅফিস অ্যাকাউন্ট থাকা আবশ্যিক।
- ❖ বি. পি. এল. তালিকাভুক্ত পরিবার হতে হবে।
- ❖ মৃত্যুর ৬ মাসের মধ্যে করা আবেদনপত্রগুলি গ্রহণ যোগ্য হবে।



জননী সুরক্ষা যোজনা (জে এস ওয়াই) :



দারিদ্র্যসীমার নীচের পরিবারের সন্তান সম্ভবা মায়ের প্রথম দুটি জীবিত সন্তান প্রসব পর্যন্ত প্রতি গর্ভাবস্থার ক্ষেত্রে বাড়তি পুষ্টি মেটাতে ও স্বাস্থ্য পরিষেবা কেন্দ্রে প্রসব নিশ্চিত করতে অর্থ সাহায্য দেওয়া হয়। এই প্রকল্পে উপভোক্তার বয়স ন্যূনতম ১৯ বছরের হতে হবে। উপভোক্তা প্রাক-প্রসব পরীক্ষার অন্তত তিনটি সুযোগ পাবেন। আবেদনকারীকে অবশ্যই দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারভুক্ত হতে হবে। তপশিল জাতি / উপজাতিদের ক্ষেত্রে বি. পি. এল. তালিকাভুক্ত হওয়া

আবশ্যিক নয়। প্রসবের ৮-১২ সপ্তাহের পূর্বে উপভোক্তাকে পৌরসংস্থা ৫০০/- প্রদান করবে। এছাড়াও পৌরসংস্থার মাতৃসদনে বা হাসপাতালে প্রসবের পর উপভোক্তা আরো ৪০০/- টাকা পাবেন। এই অর্থ সংশ্লিষ্ট হাসপাতাল/মাতৃসদন থেকে পাওয়া যাবে।